রাজস্বের প্রবৃদ্ধি

টেক্সই সমৃদ্ধি
বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর
চট্টগ্রাম সমিতি ভবন (৩য়, ৬ষ্ঠ-৮ম তলা)
৩২, তোপখানা রোড, ঢাকা-১০০০
website : www.dedo.gov.bd; e-mail : dg.dedo@yahoo.com

নথি নং-১(ঝ)/ডেডো/পলিসি/বিবিধ/২০২১/১১/ ২৯৪৫

তারিখ : 27|02|2022

বিষয় : সম্পাদিত এক মাসের কার্যক্রমের ওপর প্রতিবেদন।

সূত্র : গত ১৬/০১/২০২২ তারিখের সভার সিদ্ধান্ত।

বর্ণিত বিষয় ও সূত্রের সংশ্লেষে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। গত এক মাসে এ দপ্তরের সম্পাদিত কার্যক্রমের ওপর প্রস্তুতকৃত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতির জন্য সংযুক্ত করে প্রেরণ করা হলো।

27/2/2022

(মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী)
মহাপরিচালক
ফোনঃ ০২-২২৩৩৮৮৪৪৪

সদস্য (কাস্টমস পলিসি ও আইসিটি)
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
সেগুনবাগিচা
ঢাকা।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যক্রমের জন্যে-
১। সদস্য (শুল্ক রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

27/2/2022

(মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী)
মহাপরিচালক

বরাবর
মহাপরিচালক
শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর
ঢাকা

বিষয় ঃ **সম্পাদিত এক মাসের কার্যক্রম প্রতিবেদন।**

সূত্র ঃ গত ১৬/০১/২০২২ তারিখের সভার সিদ্ধান্ত।

মহোদয়,

বর্ণিত বিষয় ও সূত্রের সংশ্লেষে গত এক মাসে এ দপ্তরে সেবা ও কাজের পরিবেশ উন্নয়নে নানামুখী পদক্ষেপ গৃহীত হয়েছে। কর্মসম্পাদন প্রতিবেদন সদয় অবগতি ও কার্যক্রমের জন্য পেশকৃত।

০২। সূত্রীয় সভায় গঠিত ০৮টি কমিটি গত ১৭/০১/২০২২ তারিখ থেকে কাজ শুরু করে। কমিটির কয়েকজন সদস্য এ সময় করোনাক্রান্ত হয়। কর্মরতদের বেশিরভাগ সদস্য দাপ্তরিক সময়ের বাইরেও রাতে দপ্তরে অবস্থান করে কাজ করেন। আজ ১৫/০২/২০২২খ্রি. পর্যন্ত কাজের অগ্রগতি নিচের ছকে প্রদর্শিত:

| সংস্থা | নথি সংখ্যা | বিবেচ্য চালান | | | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | | নিষ্পত্তিকৃত | যাচাইয়ে প্রেরিত | মোট | |
| UNHCR, UNICEF, UNDP, UNFPA, WFP, WHO, ILO, IBRD, IFC, ICDDRB and Different Embassies সর্বমোট= | ৩৮৫ | ২০,০৭১ | ৩৭৮৬ | ২৩,৮৫৭ | ৩৯,৫৮,৭৫,৬৩৩ |

০৩। গত এক মাসে গৃহীত ও সম্পাদিত কর্মোদ্যোগের মধ্য হতে কাজগুলোকে তিন ভাগে প্রদর্শিত হলোঃ
প্রধান সংস্থাগুলোর মধ্যে যাদের দাবী নিষ্পত্তি হয়েছে; যেমন-

UNICEF-২০,১৬,০৮,৪৪১.০০ টাকা;
(বিশ কোটি ষোল লাখ আট হাজার চারশত একচল্লিশ)
WHO-৭৯,৩৭,৪৮৯ টাকা;
(উনআশি লাখ সাইত্রিশ হাজার চারশত উননব্বই)
ICDDR'B ২৬,০০,১১৫ টাকা;
(ছাব্বিশ লাখ একশত পনের)
UNHCR- ১৬,০৪,৭০,৪৬০ টাকা;
(ষোল কোটি চার লাখ সত্তর হাজার চারশত ষাট)
UNDP-৩৭,৪১,৪৬৫ টাকা;
(সাইত্রিশ লাখ একচল্লিশ হাজার চারশত পঁয়ষট্টি)
IFC ২৫,৫৭,৭৪৪ টাকা
(পঁচিশ লাখ সাতান্ন হাজার সাতশত চুয়াল্লিশ)

**ক. সম্পাদিত:**

১. **বিশেষ প্রশিক্ষণ** ঃ ১৬ জানুয়ারি সমন্বিত সভা ও দ্রুত বিদেশী দাবী নিষ্পত্তির প্রশিক্ষণ;
২. **ওয়েবসাইট** ঃ ডেডো হালনাগাদ ওয়েবসাইট www.dedo.gov.bd তৈরি;
৩ **অ্যাপস** ঃ দূতাবাস মিশন, দেশী ও বিদেশী সংস্থার জন্য আনলাইনে আবেদনের অ্যাপস তৈরী; [আন্তর্জাতিক আইটির বিশেষজ্ঞ যুক্তরাজ্যের ড. মামুনুর রশিদ ও স্থানীয় প্রকৌশলী জনাব আজাদ বিশ্বমানের এই অ্যাপসের নির্মাণ কাজ করছেন;
৪. **ইন্টারনেট** ঃ ওয়েবসাইট ও অ্যাপস ব্যবহারের সুবিধাথে দ্রুত গতির ইন্টারনেট ডিভাইস স্থাপন;
৫ **একক চেক** ঃ সময়, শ্রম, কাগজ ও চেকের পাতা সাশ্রয়ে একই সময়ে অনুমোদিত একাধিক দাবীর বিপরীতে ০১ টি চেক IBAS ++ এ প্রেরণ;
৬ **কফি উইথ ডিজি** ঃ দৈনিক সম্পাদিত কাজের মান ও পরিমাণ বিবেচনায় ৮টি গ্রুপের ১টি গ্রুপকে প্রতিদিন 'কফি উইথ ডিজি' এ আমন্ত্রণ ও ডিজির সাথে ছবি গ্রুপে পোস্ট করা;
৭. **লোগো** ঃ ডেডো অফিস এর জন্য সময়োপযোগী লোগো তৈরি করা হয়েছে;
৮ **ক্লাব গঠন** ঃ কর্মকর্তা, কর্মচারীদের কল্যাণে ডেডো ক্লাব গঠন করা হয়েছে।
৯ **অভ্যর্থনা উন্নয়ন** ঃ বিদেশী অংশীজনদের অভ্যর্থনায় মহাপরিচালকের করিডোরে লাল কার্পেট স্থাপন করা হয়েছে।

**খ. চলমান কার্যক্রমঃ**

১. **অফিসার অব দ্যা মান্থ** ঃ মাসিক সেরা কর্মকর্তা ও সংস্থা নির্বাচন; [দপ্তরের সেরা কর্মী ও অপেক্ষাকৃত শুদ্ধ আবেদনকারী সংস্থাকে পুরস্কৃত করা এবং গঠিত ৮টি কমিটির সেরা টীমকে দৈনিক স্বীকৃতি;

১৫.০২.২০২২

২. অধিদপ্তরে রূপান্তর : ডেডোকে পরিদপ্তর হতে অধিদপ্তরে রূপান্তরের উদ্যোগ;
৩ সিটিজেন চার্টার : সিটিজেন চার্টার সংশোধনের লক্ষ্যে নির্দেশনা দেয়া হয়েছে;

৪. তথ্য সেবা ইউনিট : তথ্য সেবা ইউনিট চালুকরণ;
৫ ইন-হাউস প্রশিক্ষণ : ইন-হাউস প্রশিক্ষণের ব্যবস্থা করা;
৬ একসেস কন্ট্রোল : নিরাপত্তার জন্য একসেস কন্ট্রোল গেটওয়ে স্থাপনের উদ্যোগ (বাজেট প্রাপ্তি সাপেক্ষে)
৭. জনবল বৃদ্ধি : দপ্তর সম্প্রসারণ ও নতুন অর্গানোগ্রাম তৈরি;
৮ গাড়ি মেরামত : দীর্ঘদিন অব্যবহৃত পুরাতন গাড়ী মেরামতের জন্য ওয়ার্কশপে প্রেরণ;
৯ বিদেশ প্রশিক্ষণ : বিদেশী রিফান্ড পদ্ধতি নতুন অনলাইন অ্যাপস ব্যবহার ও আন্তর্জাতিক উত্তমাচার শেখাতে বিদেশ প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান।

গ. পরিকল্পনাঃ

১. দপ্তর স্থানান্তর : বিদেশী অংশীজনের কাছে কাস্টমসের ভাবমুর্তি রক্ষায় অফিস মানসম্মত ভবনে স্থানান্তর পত্রিকায় বিজ্ঞাপন পাঠানো হয়েছে ;
২. সহগ দল গঠন : সহগ কার্যক্রমে দ্রুত সম্পন্নের জন্য নিবিড় দল গঠন ও ০২ দিনের মধ্যে সহগ প্রদান;
৩ ১৫ মিনিটে কাজ নিস্পত্তি : ১৫ মিনিটের মধ্যে দুতাবাস ও বিদেশী মিশনের নথি নিস্পত্তির উদ্যোগ;
৪. অ্যাপস ব্যবহার : নির্মিত অ্যাপস ব্যবহারে কর্মকর্তা ও অংশীজনের বিশেষ প্রশিক্ষণ;
৫ প্রশিক্ষণ মডিউল : ডেডোর রিফান্ড পদ্ধতি ও প্রক্রিয়া বিষয়ে কাস্টমস একাডেমিতে পূর্ণাঙ্গ প্রশিক্ষণের মডিউল প্রস্তুত ও প্রেরণ;
৬ নতুন ফাইল ও ফোল্ডার : দাপ্তরিক কাজে ব্যবহার্য নতুন ফাইল ও ফোল্ডার প্রিন্ট।

০৪। এখানে উল্লেখ্য, কাজের অগ্রগতি আরো অধিক হতে পারতো। যুগ্ম-পরিচালক ও সহকারী পরিচালক-২সহ প্রায় ০৭ জন কর্মকর্তা-কর্মচারী কোভিড-১৯ এর অমিক্রন ভ্যারিয়েন্টে আক্রান্ত হয়ে অসুস্থ ছিলেন।

০৫। কমিটিগুলো অনিস্পন্ন এ সকল কাজ করতে গিয়ে বিভিন্ন রকমের ব্যক্তিক, নৈর্ব্যক্তিক চ্যালেঞ্জের সম্মুখীন হন। সার্বিক জনবল সংকট, কম্পিউটার অপারেটর সংকট ও অসুস্থতা, অপর্যাপ্ত প্রশিক্ষণ, লিয়েনে ও বিদেশে অধ্যয়নরত ০২ জন উপ পরিচালক, বাজেট অপর্যাপ্ততা, ধীরগতির ইন্টারনেট, প্রমীলা কর্মকর্তা এবং প্রবীণ কর্মকর্তাদের আধিক্য অন্যতম।

০৬। সম্প্রতি বিদেশী সংস্থার প্রতিনিধিরা ডেডোর কার্যক্রম অটোমেশন ও আনলাইন করার জন্য অনুরোধ করেন। আজ Head of Finance, UNICEF, মিসেস ম্যারি ডিজি মহোদয়ের সাথে সাক্ষাৎ করে একই দাবী জানান। সে প্রেক্ষিতে ইতোমধ্যে স্মার্ট ওয়েবসাইটও অনলাইন আবেদনের অ্যাপস প্রস্তুত করা হয়েছে।

০৭। সীমিত সুযোগ সম্পদ ও রসদ নিয়ে কমিটিগুলো উদ্বুদ্ধ হয়ে সাধ্যমতো কাজ করেছে। কয়েকজন কর্মকর্তা/কর্মচারী সুস্থ হয়ে কর্মস্থলে যোগদান করেছেন। ইতোমধ্যে বিদেশী সংস্থার প্রায় ২৩,০০০ দাবী ও ৩৯ কোটি টাকার পাওনা নিস্পত্তি হয়েছে। সামগ্রিকভাবে কাজের মান ও পরিমাণ বিবেচনায় কমিটিগুলোর সাদৃশ্য প্রশংসনীয়। অন্যান্য অনিস্পন্ন কার্যসম্পাদনে লোকবল বৃদ্ধি করা জরুরী। বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য উপস্থাপন করা হলো।

১৫.০২.২০২২
(শরীফ মোঃ আল-আমীন)
সহকারী পরিচালক
ও
সমন্বয়ক, ক্র্যাশ কমিটি

অনুলিপিঃ(সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে)
যুগ্ম পরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
অবগতির জন্য-
পিএটু মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।